

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৪

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ৩২. পণ্য ক্রয়ের উদ্দেশ্যে (আগত ব্যবসায়ীদের সাথে শহরের বাইরে) সাক্ষাত করা নিষেধ

باب فِي النَّهْيِ عَنْ تَلَقِّي الْبُيُوعِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا هِشَامُ بْنُ حَسَّانَ عَنْ مُحَمَّدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تَلَقَّوْا الْجَلَبَ مَنْ تَلَقَّاهُ فَاشْتَرَى مِنْهُ شَيْئًا فَهُوَ بِالْخِيَارِ إِذَا دَخَلَ السُّوقَ

বাংলা

২৬০৪. আবু হুরায়রা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা আমদানিকৃত পণ্য (বাহী কাফেলা)-এর সাথে মাঝপথে অগ্রসর হয়ে সাক্ষাৎ কর না। আর কোনো ব্যক্তি তার সাথে সাক্ষাৎ করে তার থেকে কিছু ক্রয় করলে পরে যখন মালের মালিক বিক্রেতা বাজারে এসে পৌছাবে, তখন তার এখতিয়ার থাকবে।"[1] (অর্থাৎ ইচ্ছা করলে এই লেনদেন প্রত্যাখান করতে পারবে।)

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ শক্তিশালী। আর হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, বুয়ু ২১৬২, ২১৪০; মুসলিম, বুয়ু ১৫১৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬০৭৩, ৬০৭৮, ৬১৮৭ ও আরও দেখুন, ৫৮৮৪, ৫৮৮৭, ৫৮৭০, ৬০৪৯, ৬০৬৫ ও সহীহ ইবনু হিব্বান নং ৪৯৬১ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন